# ঢাকা বিশ্ববিদ্যালয়

# অধিভুক্ত সরকারি ৭ (সাত) কলেজ ভর্তি নির্দেশিকা

# কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট

## আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

## শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ | ১৬ জুন ২০২৩ শুক্রবার |
| আবেদনের সময়সীমা | ০২ এপ্রিল ২০২৩ থেকে ৩০ এপ্রিল ২০২৩ |
| পরীক্ষার সময় | সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত |
| পরীক্ষায় সময়কাল | ১ ঘণ্টা |
| পরীক্ষা কেন্দ্রে প্রবেশ | সকাল ১০:৩০ মিনিটের মধ্যে |

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজ যথাক্রমে (১) ঢাকা কলেজ (২) কবি নজরুল সরকারি কলেজ (৩) ইডেন মহিলা কলেজ (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (৬) সরকারি বাঙলা কলেজ এবং (৭) সরকারি তিতুমীর কলেজ-এর কলা ও সামাজিক বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**উচ্চ মাধ্যমিক বা সমমান পর্যায়ের মানবিক শাখা ব্যতীত অন্য যে-কোনো শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি প্রক্রিয়ায় অংশ নিলে তার আবেদনকৃত অন্যান্য ইউনিটের (যদি থাকে) প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিষয়সমূহ অধ্যয়নে আগ্রহী অন্যান্য ইউনিটের প্রার্থীগণ নিজ নিজ ইউনিটের নির্দেশাবলি অনুসরণ করবে।**

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু ছাত্রীদের এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু ছাত্রদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়া সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং সরকারি বাঙলা কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। অধিভুক্ত কলেজসমূহের কলা ও সামাজিক বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। অর্জিত ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

### প্রাথমিক আবেদনপত্র

১. কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উপর্যুক্ত ৭টি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য **০২ এপ্রিল ২০২৩ হতে ৩০ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত** অনলাইনে আবেদন করতে হবে। আবেদনে তথ্য/ছবি সংশোধনের (বিশেষ ক্ষেত্রে) সর্বশেষ তারিখ ০৯ এপ্রিল ২০২৩ হতে ০৫ মে ২০২৩ পর্যন্ত।

২. অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয় :

ক) অধিভুক্ত সরকারি ৭টি কলেজে ভর্তির ওয়েবসাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) ভর্তির সাধারণ নির্দেশাবলি থাকবে। আবেদনকারী উক্ত সাইটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট-এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিংকসমূহ দেখতে পাবেন। আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং ওয়েবসাইট নির্দেশিকা ভালো করে পড়তে হবে।

খ) আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি : ভর্তি-পরীক্ষার ফি ৬০০.০০ (ছয়শত) টাকা। আবেদনকারীকে দেশের চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, রূপালী ও অগ্রণী) যে কোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে নির্ধারিত সময়সীমার মধ্যে ফি জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

গ) অনলাইনে ভর্তির ফরম পূরণ: ভর্তির আবেদন (https://collegeadmission.eis.du.ac.bd) ওয়েবসাইটের মাধ্যমে করা যাবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, মাতা-পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), কোটা বিষয়ক তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন হবে।

ঘ) এ-লেভেল/সমমান, ও-লেভেল/সমমান বিদেশি পাঠ্যক্রমে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য (https://collegeadmission.eis.du.ac.bd) ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে অন্যান্য শিক্ষার্থীর মতো তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি-পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

## ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩. প্রার্থীকে ২০১৭ থেকে ২০২০ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২২ সনের বাংলাদেশের যে-কোনো শিক্ষা বোর্ডের মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের আলিম (জেনারেল অথবা মানবিক শাখায়) অথবা IAL/ A Level অথবা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.০ হতে হবে। IGCSE / O Level এবং IAL/ A Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ওই বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা পূরণ করতে হবে।

৪. যে-সকল প্রার্থী ২০১৭ অথবা তার পরে অনুষ্ঠিত IGCSE / O Level পরীক্ষায় অংশ নিয়ে অন্তত ৫ বিষয়ে এবং ৩১শে জুলাই ২০২২ সালের পর IAL/ A Level পরীক্ষার প্রকাশিত ফল-এ অন্তত দুটি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/ O Level এবং IAL/ A Level-এর সর্বশেষ পরীক্ষার সনদে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত B গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে তাদেরকে এবং অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী শিক্ষার্থীগণকে ভর্তি-পরীক্ষায় অংশ নিতে হলে অনলাইনে আবেদন করতে হবে।

IGCSE / O Level এবং IAL/ A Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ হবে:

A= 5.0 B= 4.0 C= 3.5 D=3.0

## ভর্তি-পরীক্ষা

৫. ক) ভর্তিচ্ছু সকল প্রার্থী 'কলা ও সামাজিক বিজ্ঞান' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা ১৬ জুন ২০২৩ তারিখ শুক্রবার, সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১ ঘণ্টা।

গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১০০টি প্রশ্নের জন্য পূর্ণমান হবে ১০০।

ঘ) **ভর্তি পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়:**

১. মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান — এই তিনটি বিষয়ে ১০০টি প্রশ্ন থাকবে। ভর্তি-পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী হবে। উল্লিখিত তিন বিষয়ের নম্বর বণ্টন নিম্নরূপ :

বাংলা — ২৫; ইংরেজি — ২৫; সাধারণ জ্ঞান — ৫০; সাধারণ জ্ঞান অংশে বাংলাদেশ ও আন্তর্জাতিক ঘটনা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সমাজবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, ধর্ম ইত্যাদি বিষয়ক প্রশ্ন থাকবে।

২. **যারা মাতৃভাষা হিসেবে বাংলা পড়েনি কেবল তারাই বাংলার পরিবর্তে Elective English-এর উত্তর দেবে।**

৩. উত্তরপত্রের উপরিভাগে প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম যেভাবে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে ইংরেজিতে লেখা আছে ঠিক সেভাবে লিখতে হবে।

৪. পরীক্ষায় OMR পদ্ধতির (একটি শিট) উত্তরপত্র বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে। অতিরিক্ত কোনো শিট দেওয়া হবে না। সরবরাহকৃত উত্তরপত্রেই প্রশ্নের উত্তর বৃত্ত পূরণ করে চিহ্নিত করতে হবে।

৫. প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, ক্যালকুলেটর, বই ও কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেক্ট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম, ভিসা/মাস্টার কার্ড/এটি এম কার্ড ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

৬. ভর্তি-পরীক্ষার ৪৮ ঘণ্টা পূর্বে বিস্তারিত আসন বিন্যাস ভর্তির ওয়েবসাইটে দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসনবিন্যাস জানতে পারবে।

৭. পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।

৮. কোন প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যে কোন অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. পরীক্ষায় অসদুপায় অবলম্বনে কোন রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

৬. ক) মোট ১২০ নম্বরের (MCQ, ১০০; মাধ্যমিক/সমমান, ১০; উচ্চ মাধ্যমিক/সমমান, ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য শিক্ষার্থীদের মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ কে ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের ওপর পরীক্ষার্থীর মেধাস্কোর তৈরি করা হবে।

খ) দুই বা ততোধিক প্রার্থীর মেধাস্কোর অভিন্ন হলে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এক্ষেত্রে স্কোর সমান পাওয়া গেলে প্রার্থীদের ভর্তি পরীক্ষায় বাংলা/ প্রযোজ্য ক্ষেত্রে Elective English এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এরপরও স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মানদণ্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে :

১) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত ;

২) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ ;

৩) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত ;

৪) মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ ; এবং

৫) পর্যায়ক্রমে উল্লিখিত মানদণ্ডসমূহ প্রয়োগ করে যদি প্রার্থীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ অন্য যথার্থ মানদণ্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন।

৭. মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফল ভর্তি-পরীক্ষার পর ০৭ (সাত) দিনের মধ্যে ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া এসএমএস-এর মাধ্যমে ফল জানা যাবে।

## কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত বিভাগসমূহ

৮. কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের মাধ্যমে মানবিক শাখার ছাত্র-ছাত্রীরা নিম্নলিখিত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করতে পারবে এবং যোগ্যতা থাকা সাপেক্ষে নির্দিষ্ট সংখ্যক আসনে ভর্তি হতে পারবে।

কলা অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

| | | | |
|---|---|---|---|
| ১. বাংলা | ২. ইংরেজি | ৩. আরবি | ৪. ইতিহাস |
| ৫. দর্শন | ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | | ৭. ইসলামিক স্টাডিজ |

সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. সমাজবিজ্ঞান ৪. সমাজকর্ম

বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

১. ভূগোল ও পরিবেশ ২. মনোবিজ্ঞান ৩. পরিসংখ্যান ৪. গণিত ৫. গার্হস্থ্য অর্থনীতি

বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ

১. ব্যবস্থাপনা ২. হিসাববিজ্ঞান ৩. মার্কেটিং ৪. ফিন্যান্স এন্ড ব্যাংকিং

## বিভাগসমূহে ভর্তির শর্তাবলী

ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০। যারা ৪০ এর কম পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। সকল কলেজের ক্ষেত্রে যারা **বাংলা অথবা ইংরেজী বিষয়ে** ভর্তি হতে ইচ্ছুক ভর্তি পরীক্ষায় তাদেরকে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১০ নম্বর পেতে হবে। **পরিসংখ্যান ও গণিত বিষয়ে** ভর্তির জন্য এইচএসসি পর্যায়ে গণিত থাকতে হবে। **অর্থনীতি বিভাগ ও বিজনেস স্টাডিজ অনুষদের সকল বিভাগের ক্ষেত্রে** এইচএসসি পর্যায়ে গণিত/অর্থনীতি থাকতে হবে।

**ইসলামিক স্টাডিজ বিষয়ে** যারা ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে দাখিল/ আলিম/ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা/ আরবি থাকতে হবে।

**আরবি বিষয়ে** ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে দাখিল পরীক্ষায় আরবি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড; আলিম/ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আরবি/ ইসলামি শিক্ষা/ বাংলা/ ইংরেজি বিষয় থাকতে হবে।

**অন্যান্য বিষয়সমূহে** ভর্তির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।

## কলেজসমূহের বিভিন্ন বিভাগে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের আসন সংখ্যা

| কলেজ ও কলেজ কোড | ভর্তিযোগ্য বিষয়সমূহ | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ঢাকা কলেজ (১৮৪১) | বাংলা | ১৪৭ | ১৩ | ১৬০ |
| | ইংরেজী | ১৭৭ | ১৫ | ১৯২ |
| | ইতিহাস | ১৬৬ | ১৪ | ১৮০ |
| | দর্শন | ১৩২ | ১২ | ১৪৪ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৯৬ | ৮ | ১০৪ |
| | ইসলামিক স্টাডিজ | ৭৪ | ৬ | ৮০ |
| | অর্থনীতি | ১৭৩ | ১৫ | ১৮৮ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ১৯৫ | ১৭ | ২১২ |
| | সমাজবিজ্ঞান | ১৮৪ | ১৬ | ২০০ |
| | ভূগোল ও পরিবেশ | ২৯ | ৩ | ৩২ |
| | মনোবিজ্ঞান | ২৯ | ৩ | ৩২ |
| | পরিসংখ্যান | ৬ | ৩ | ০৭ |
| | গণিত | ১০ | ১ | ১১ |
| | ব্যবস্থাপনা | ১৪ | ১ | ১৫ |
| | হিসাববিজ্ঞান | ১৪ | ১ | ১৫ |
| কবি নজরুল সরকারি কলেজ (১৮৭৪) | বাংলা | ১১০ | ১০ | ১২০ |
| | ইংরেজী | ১৪৭ | ১৩ | ১৬০ |
| | ইতিহাস | ১১০ | ১০ | ১২০ |
| | দর্শন | ৮৮ | ৮ | ৯৬ |

| কলেজ ও কলেজ কোড | ভর্তিযোগ্য বিষয়সমূহ | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১১০ | ১০ | ১২০ |
| | ইসলামিক স্টাডিজ | ১৪৭ | ১৩ | ১৬০ |
| | অর্থনীতি | ১১০ | ১০ | ১২০ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ১১০ | ১০ | ১২০ |
| | আরবি | ৭৪ | ৬ | ৮০ |
| | ভূগোল ও পরিবেশ | ৩০ | ৩ | ৩৩ |
| | গণিত | ০৬ | ০ | ০৬ |
| | ব্যবস্থাপনা | ১৪ | ১ | ১৫ |
| | হিসাববিজ্ঞান | ১৪ | ১ | ১৫ |
| | মার্কেটিং | ০২ | ০ | ০২ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ০২ | ০ | ০২ |
| সরকারি বাঙলা কলেজ (১৯৬২) | বাংলা | ১৬২ | ১৪ | ১৭৬ |
| | ইংরেজী | ১৩২ | ১২ | ১৪৪ |
| | ইতিহাস | ৮৮ | ৮ | ৯৬ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৮১ | ৭ | ৮৮ |
| | ইসলামিক স্টাডিজ | ৭৪ | ৬ | ৮০ |
| | অর্থনীতি | ১০৩ | ৯ | ১১২ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ১৮০ | ১৬ | ১৯৬ |
| | সমাজকর্ম | ১০৭ | ৯ | ১১৬ |
| | ভূগোল ও পরিবেশ | ১২ | ১ | ১৩ |
| | গণিত | ০৮ | ১ | ০৯ |
| | ব্যবস্থাপনা | ১৭ | ১ | ১৮ |
| | হিসাববিজ্ঞান | ১৭ | ১ | ১৮ |
| | মার্কেটিং | ০৬ | ০ | ০৬ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ০৬ | ০ | ০৬ |
| সরকারি তিতুমীর কলেজ (১৯৬৮) | বাংলা | ২২৮ | ২০ | ২৪৮ |
| | ইংরেজী | ২৬৯ | ২৩ | ২৯২ |
| | ইতিহাস | ১৫৫ | ১৩ | ১৬৮ |
| | দর্শন | ১৮৪ | ১৬ | ২০০ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১৯১ | ১৭ | ২০৮ |
| | ইসলামিক স্টাডিজ | ১০৭ | ৯ | ১১৬ |
| | অর্থনীতি | ২৮০ | ২৪ | ৩০৪ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ২৯৪ | ২৬ | ৩২০ |
| | সমাজবিজ্ঞান | ১৭৩ | ১৫ | ১৮৮ |
| | সমাজকর্ম | ১৭৩ | ১৫ | ১৮৮ |
| | ভূগোল ও পরিবেশ | ১৭ | ১ | ১৮ |
| | মনোবিজ্ঞান | ১৭ | ১ | ১৮ |
| | পরিসংখ্যান | ০৪ | ০ | ০৪ |
| | গণিত | ১৪ | ১ | ১৫ |
| | ব্যবস্থাপনা | ২১ | ২ | ২৩ |
| | হিসাববিজ্ঞান | ২২ | ২ | ২৪ |
| | মার্কেটিং | ১২ | ১ | ১৩ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ১২ | ১ | ১৩ |

| কলেজ ও কলেজ কোড | ভর্তিযোগ্য বিষয়সমূহ | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ (১৯৭২) | বাংলা | ৮১ | ৭ | ৮৮ |
| | ইংরেজী | ৮১ | ৭ | ৮৮ |
| | দর্শন | ৭৪ | ৬ | ৮০ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৮৮ | ৮ | ৯৬ |
| | ইসলামিক স্টাডিজ | ৭৪ | ৬ | ৮০ |
| | অর্থনীতি | ১১০ | ১০ | ১২০ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ১২৫ | ১১ | ১৩৬ |
| | সমাজকর্ম | ১২৫ | ১১ | ১৩৬ |
| | ভূগোল ও পরিবেশ | ২৩ | ২ | ২৫ |
| | গণিত | ০৬ | ০ | ০৬ |
| | ব্যবস্থাপনা | ০৯ | ১ | ১০ |
| | হিসাববিজ্ঞান | ০৯ | ১ | ১০ |
| ইডেন মহিলা কলেজ (১৮৭৩) | বাংলা | ১৬৯ | ১৫ | ১৮৪ |
| | ইংরেজী | ২২১ | ১৯ | ২৪০ |
| | ইতিহাস | ১৭৭ | ১৫ | ১৯২ |
| | দর্শন | ১৪০ | ১২ | ১৫২ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১৭৭ | ১৫ | ১৯২ |
| | ইসলামিক স্টাডিজ | ১০৩ | ৯ | ১১২ |
| | অর্থনীতি | ২১৩ | ১৯ | ২৩২ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ২২১ | ১৯ | ২৪০ |
| | সমাজবিজ্ঞান | ২০৬ | ১৮ | ২২৪ |
| | সমাজকর্ম | ১৯৯ | ১৭ | ২১৬ |
| | ভূগোল ও পরিবেশ | ৩৯ | ৩ | ৪২ |
| | মনোবিজ্ঞান | ৩২ | ৩ | ৩৫ |
| | পরিসংখ্যান | ০৩ | ০ | ০৩ |
| | গার্হস্থ্য অর্থনীতি | ২৮ | ২ | ৩০ |
| | গণিত | ০৯ | ১ | ১০ |
| | ব্যবস্থাপনা | ১৫ | ১ | ১৬ |
| | হিসাববিজ্ঞান | ১৫ | ১ | ১৬ |
| | মার্কেটিং | ১০ | ১ | ১১ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ০৮ | ১ | ০৯ |
| বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (১৯৪৮) | বাংলা | ৭৪ | ৬ | ৮০ |
| | ইংরেজী | ৫৯ | ৫ | ৬৪ |
| | ইতিহাস | ৩৭ | ৩ | ৪০ |
| | দর্শন | ৪৪ | ৪ | ৪৮ |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৪৪ | ৪ | ৪৮ |
| | ইসলামিক স্টাডিজ | ৩৭ | ৩ | ৪০ |
| | অর্থনীতি | ১২১ | ১১ | ১৩২ |
| | রাষ্ট্রবিজ্ঞান | ৬৩ | ৫ | ৬৮ |
| | সমাজবিজ্ঞান | ৬৬ | ৬ | ৭২ |
| | সমাজকর্ম | ৯৯ | ৯ | ১০৮ |
| | ভূগোল ও পরিবেশ | ১৮ | ২ | ২০ |
| | মনোবিজ্ঞান | ১৮ | ২ | ২০ |
| | গার্হস্থ্য অর্থনীতি | ১৮ | ২ | ২০ |

| কলেজ ও কলেজ কোড | ভর্তিযোগ্য বিষয়সমূহ | মেধায় আসন সংখ্যা | বিভিন্ন কোটায় আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| | গণিত | ০৩ | ০ | ০৩ |
| | ব্যবস্থাপনা | ০৩ | ০ | ০৩ |
| | হিসাববিজ্ঞান | ০৩ | ০ | ০৩ |
| | **মোট =** | **৯১৮৩** | **৭৯৬** | **৯৯৭৯** |

বি: দ্রঃ কোটায় আসন পূর্ণ না হলে মেধা তালিকা থেকে আসন পূর্ণ করা হবে।

## ভর্তি-প্রক্রিয়া

৯. ভর্তি পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা মেধাক্রম অনুসারে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অধিভুক্ত ৭টি কলেজে ভর্তি হতে হবে। ভর্তি পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরা নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে প্রদত্ত 'চয়েস ফরম' (Choice-form)-এ তাদের মনোনীত বিষয়ের কলেজের নাম অগ্রাধিকার ভিত্তিতে পূরণ করবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কলেজের বিভাগসমূহে যোগাযোগ করে ভর্তি-প্রক্রিয়া সম্পন্ন করবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC-এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

১০. ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমনকি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি/মনোনয়ন বাতিল করা হবে।

১১. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে। তাছাড়া অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্রও জমা দিতে হবে।

১২. **কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর জ্ঞাতব্য ও করণীয় :**
ওয়ার্ড, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক্, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, ট্রান্সজেন্ডার/হিজড়া), হরিজন ও দলিত সম্প্রদায় এবং মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি এবং খেলোয়াড় কোটায় (শুধমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান "বিকেএসপি" থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী) অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক করতে হবে। ভর্তি-পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণপত্র, ভর্তি-পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে কোটার জন্য নির্ধারিত ফরম ফলাফল প্রকাশের ০৭ দিনের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ ও জমা দিতে হবে।

ওয়ার্ড কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট ৭ (সাত) কলেজের শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড কোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) সংশ্লিষ্ট কলেজ/ বিভাগ/ ইনস্টিটিউট/ অফিসের চেয়ারম্যান/ পরিচালক/ অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধা সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ-বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সত্যায়িত সনদপত্র, এবং উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি প্রধান/ জেলা প্রশাসকের সত্যায়িত সনদপত্র জমা দিতে হবে।

দৃষ্টি, বাক্, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস-এ আক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথতার সনদপত্র এবং হরিজন ও দলিত সম্প্রদায়ের প্রার্থীদের ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায়ের সংগঠন-প্রধানের সনদপত্র সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।

**অনলাইনে কোটার নির্দিষ্ট ঘরে ক্লিক না করলে পরবর্তীকালে কোনো অবস্থাতেই কোটার জন্য বিবেচিত হবে না।**

১৩. ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তি সংক্রান্ত
তথ্যাবলির জন্য যোগাযোগের ঠিকানা : ডিনের কার্যালয়
সামাজিক বিজ্ঞান অনুষদ (সামাজিক বিজ্ঞান ভবন)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ০৯৬৬৬৯১১৪৬৩ এক্স. ৪৩৫৩
Email: dean.fss@du.ac.bd, dean.fss.du@gmail.com

**অধ্যাপক ড. জিয়া রহমান**
ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ও কো-অর্ডিনেটর
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট
অধিভুক্ত সাত কলেজ ভর্তি ২০২২-২০২৩